

LEARNING RESOURCES

STUDY MATERIAL / CLASS NOTE NO. - 01

SUBJECT- POLITICAL SCIENCE HONOURS

CLASS- B.A. HONOURS 2ND SEMESTER

[CBCS]

NAME- PROF. LAKSHMAN BHATTA

TOPIC- PROCEDURAL JUSTICE (CT3)

PAPER- CC-3/CT3 – Political theory concepts and debates

Unit-3 Indispensability of justice

[A] Procedural justice

Procedural justice বা পদ্ধতিগত ন্যায়বিচার

পদ্ধতিগত ন্যায়বিচারের ধারণা – সংজ্ঞা –
পদ্ধতিগত ন্যায়বিচারের স্বরূপ – হকদারিত্ব
সম্পর্কে রবার্ট নজিকের বক্তব্য – মুক্তবাজার
অর্থনীতি – মূল্যায়ন।

** Procedural justice is that the fairness of process depends on the procedure producing correct outcomes.

** পদ্ধতিগত ন্যায় বলতে বোঝায় কোন সিদ্ধান্ত বা লক্ষ্য অর্জনের প্রক্রিয়া।

** ন্যায়বিচার তত্ত্বের একটি পদ্ধতিগত দিক আছে, যার জন্য বিভিন্ন তাত্ত্বিকগণ Procedural justice বা পদ্ধতিগত ন্যায়বিচারের কথা প্রায়ই বলে থাকেন।

** পদ্ধতিগত ন্যায় বিচার – তত্ত্বটি সামাজিক ন্যায়বিচার বা Social justice তত্ত্বের বিরোধিতা করে বলে যে ন্যায় বিচারকে সমগ্র সমাজের প্রেক্ষাপটে বিচার করা অনুচিত কারন সামাজিক ন্যায় বিচার রাষ্ট্রের সামাজিক ক্রিয়াকর্মের সঙ্গে জড়িত আয় ও সামাজিক সম্পদ বণ্টনের ক্ষেত্রে পীড়নমূলক উপায় প্রয়োগ করতে পারে ।

** কিছু পদ্ধতিগত ন্যায় বা Procedural justice বলতে চায় যে ন্যায়বিচার প্রতিষ্ঠার ব্যাপারে রাষ্ট্রীয় কৃত পক্ষের হস্তক্ষেপ অনভিপ্রেত কারন এর ফলে ব্যক্তি স্বাধীনতার সংকোচন ঘটতে পারে ।

** পদ্ধতিগত ন্যায়বিচার তত্ত্বকে ব্যক্তিকেন্দ্রিক ও ব্যক্তি স্বাতন্ত্র্যবাদ বলে বিবেচনা করা হয় ।

** পদ্ধতিগত ন্যায় বিচার সম্পূর্ণ রূপে পদ্ধতি বা প্রক্রিয়া বিষয়ক , অর্থাৎ সুনির্দিষ্ট পদ্ধতিগত নিয়মনীতি অনুসরণ করে একটি ন্যায়সংগত ও গ্রহণযোগ্য লক্ষ্য বা সিদ্ধান্তে উপনীত হয় ।

** ' Only the actions of the individuals can be morally evaluated in terms of justice and fairness and it is absurd to praise or blame social processes or patterns of income distribution ' – Norman Barry .

** পদ্ধতিগত ন্যায়বিচার তত্ত্ব ব্যক্তিগত হকদারিত্বের (entitlement) উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে চায় ।

** সম্পত্তি বা সম্পদের ওপর ব্যক্তির ন্যায় সংগত অধিকার আছে , এক্ষেত্রে রাষ্ট্র জোরপূর্বক ব্যক্তির হকদারিত্ব থেকে বঞ্চিত করতে পারে না । ইহা বাজার অর্থনীতি বা Market Economy র সঙ্গে সম্পর্ক নিবিড় ।

** Nozick তাঁর ' **Anarchy ,State and Utopia** ' নামক গ্রন্থে বলেছেন যে ন্যায়বিচার তত্ত্বটি হল একটি হকদারিত্ব (Entitlement) তত্ত্ব ।

** Nozick এর ন্যায়বিচার তত্ত্বের সারকথা হল সম্পত্তির উপর ব্যক্তির অধিকার আছে । উৎপাদনের সঙ্গে সম্পত্তির মালিকানা নিবিড়ভাবে সম্পর্কযুক্ত ।

** If the propose pattern is that income shall be equal , then if the government is to maintain that pattern it will have to interfere with liberty – Norman Barry (p. - 121) .

** সামাজিক সুযোগ সুবিধা (পরিষেবা , ক্ষমতা , সুযোগ সুবিধা ও মূল্যের বণ্টন) বণ্টনের ক্ষেত্রে ন্যায় সংগত পদ্ধতি অনুসরণ করলে একটি ন্যায় প্রতিষ্ঠিত হতে পারে ।

** পদ্ধতিমূলক ন্যায়ের ধারণাগত ভিত্তি হল সাম্যনীতি ।

** হায়েক এর মতে রাষ্ট্র সর্বদা স্বচ্ছ ও মুক্ত প্রতিযোগিতার নীতি প্রচার ।

